

ফাতওয়া নম্বর: ২১৮

প্রকাশকাল: ১৪-১২-২০২১ ইং

নতুন টাকা ও পুরাতন টাকা অদল-বদল করার হুকুম কী?

প্রশ্নঃ

আমাদের দোকানে প্রায়ই ব্যবহার অযোগ্য কিছু ছেঁড়া টাকা জমে যায়। যা নেয়ার জন্য মাঝে মাঝে দোকানে এক লোক আসে। সে ছেঁড়া টাকাগুলো নিয়ে নতুন টাকা দেয়। কিন্তু ১০ টাকার বদলে ৫ টাকা দেয়। জানার বিষয় হল, এভাবে লেনদেন করা শরীয়তের দৃষ্টিতে কি বৈধ? এটি কি সুদ হবে?

প্রশ্নকারী

আব্দুস সামাদ

উত্তরঃ

আইনত এক দেশীয় সচল মুদ্রার মূল্যমান বরাবর, তা ছেঁড়া, পুরাতন কিংবা নতুন, যাই হোক। একারণে তা লেনদেনে কমবেশি করা নাজাযিয় এবং সুদি কারবারের অন্তর্ভুক্ত। সুতরাং দেশীয় ছেঁড়া বা পুরাতন টাকা দিয়ে ভাল টাকা কমবেশি করে লেনদেন করা যাবে না। (সহীহ বুখারী: ৩/৭৪; বহুস ফি কাযায়া ফিকহিয়্যা হ মুআসিরাহ: ১৬৩; আলমাবসূত: ১২/১১৮)

ছেঁড়া-ফাটা নোট যদি চালানো সম্ভবপর না হয়, তাহলে ব্যাংকের মাধ্যমে পরিবর্তন করে নিবে। ব্যাংকে এসব টাকা সম্মূলে পরিবর্তনের সুযোগ রাখা আছে।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহাদি (উফিয়া আনহু)

২৪-০৪-১৪৪৩ হি.

৩০-১১-২০২১ ইং

